

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ অ্যান্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd



নং-৫২.০১.০০০০.১০৪.১১.৩০০.১৭.২৯০১

তারিখ: ০৮ অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ
২৩ নভেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

নিয়োগ আদেশ

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর স্মারক নং-৫২.০০.০০০০.১০৪.১১.২৭৫.১৫(অংশ-১)-২৫৬২, তারিখ: ১৯-০৯-২০১৭ খ্রি. এর নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে গৃহীত নিয়োগ কার্যক্রম এবং বিভাগীয় নির্বাচন কমিটি-৩ এর সুপারিশ মোতাবেক **টেকনিক্যাল অপারেটর** পদে চূড়ান্তভাবে নির্বাচিত নিম্নে উল্লিখিত ০১(এক)জন প্রার্থীকে জাতীয় বেতনস্কেল ২০১৫ এর টাকা: ১০২০০-২৪৬৮০/- (শ্রেণি-১৪) অনুযায়ী নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদানপূর্বক ৫ নং কলামে বর্ণিত কর্মস্থলে পদায়ন করা হলো:

| মেধাক্রম | রোল নম্বর | নাম/পিতা/মাতা | স্থায়ী ঠিকানা | পদায়নকৃত কর্মস্থল |
|----------|-----------|---|--|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | ১৬০০০০০৬ | নাম: মো: আল-আমীন পিতা: মো: আলম মন্ডল মাতা: মোছা: ফুলজান খাতুন | গ্রাম: খিদির গ্রাম ডাকঘর: সিলন্দা-৬৬৭০ উপজেলা: সাঁথিয়া, জেলা: পাবনা | এফএ অ্যান্ড এমআইএস উইং (প্রকাশনা শাখা) বিবিএস, ঢাকা |

শর্তাবলী:

- চাকরিতে যোগদানপত্রের সাথে শারীরিক সুস্থতার স্বপক্ষে সিভিল সার্জন এর নিকট হতে সনদপত্র দাখিল করতে হবে।
- নিয়োগ বিজ্ঞপ্তির শর্তানুযায়ী চাকরিতে যোগদানের সময় সকল মূল সনদ/কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক সত্যায়িত এক প্রস্থ ছায়ািলিপি দাখিল করতে হবে। অন্যথায় তাঁর যোগদানপত্র গ্রহণ করা হবে না।
- “বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯” অনুযায়ী চাকরিতে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বৎসর পর্যন্ত শিক্ষানবিশকাল হিসাবে গণ্য হবে। শিক্ষানবিশকালে তার আচরণ চাকরি বিধিমালার পরিপন্থি হলে অথবা যথাযথ কর্তৃপক্ষের নিকট তাঁর কার্যকলাপ সন্তোষজনক বিবেচিত না হলে কোন কারণ দর্শানো ছাড়াই তাকে চাকরি হতে অব্যাহতি দেয়া যাবে।
- নিয়োগপ্রাপ্ত প্রার্থীর যোগ্যতার ঘাটতি যে কোন সময় ধরা পড়লে বা প্রার্থী দুর্নীতি বা জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে বা অসত্য তথ্য প্রদান করলে বা অন্য কোনো ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- পরবর্তীতে যথাযথ কর্তৃপক্ষের/পুলিশ কর্তৃপক্ষের মাধ্যমে তার চরিত্র ও সংশ্লিষ্ট তথ্যাদি যাচাই করা হবে। উক্ত যাচাই পর্যায়ে অথবা অন্য কোন কারণে অনুপযুক্ত পাওয়া গেলে কোন কারণ দর্শানো ছাড়াই তার নিয়োগ বাতিল করা হবে।
- চাকরিতে যোগদানের জন্য তাকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- উল্লিখিত শর্তাবলী প্রার্থীর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ০৬-১২-২০২০ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন পদায়নকৃত উইং এর পরিচালক এর মাধ্যমে মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে চাকরিতে যোগদান করতে ইচ্ছুক নয় মর্মে গণ্য করা হবে এবং তার নিয়োগ আদেশ বাতিল হবে।
- এই নিয়োগ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এইরূপ ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক সময়ে সময়ে প্রণীতব্য সকল বিধি/বিধান প্রযোজ্য হবে।

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো।


২৩/১১/২০২০

মোহাম্মদ আব্দুল ইসলাম
(অতিরিক্ত সচিব)

মহাপরিচালক

ফোনঃ ০২-৫৫০০৭০৫৬

ই-মেইলঃ dg@bbs.gov.bd

(চলমান পাতা-০২)

নং-৫২.০১.০০০০.১০৪.১১.৩০০.১৭-২৯০১

তারিখ: ০৮ অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ
২৩ নভেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
০২. জেলা প্রশাসক (সকল), -----
০৩. সিভিল সার্জন (সকল), -----
০৪. পরিচালক (সকল), ----- উইং, বিবিএস, ঢাকা
০৫. পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (বিবিএস এর ওয়েবসাইট এ প্রকাশের অনুরোধ করা হলো)
০৬. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, হিসাব ভবন (৪র্থ তলা), সেগুনবাগিচা, ঢাকা
০৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, ঢাকা
০৮. উপপরিচালক (বিনিক/প্রশাসন), এফএ অ্যান্ড এমআইএস উইং, বিবিএস, ঢাকা
০৯. আয়ন-ব্যয়ন কর্মকর্তা, বিবিএস, ঢাকা
১০. স্টাফ অফিসার, মহাপরিচালক এর দপ্তর, বিবিএস, ঢাকা
১১. স্টাফ অফিসার, উপমহাপরিচালক এর দপ্তর, বিবিএস, ঢাকা
১২. সংশ্লিষ্ট ব্যক্তি জনাব
১৩. ব্যক্তিগত নথি/গার্ড নথি/অফিস কপি




মোঃ এমদাদুল হক
পরিচালক